

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২০৪৯(আগরতলা, ১৪।৯)
বিশালগড়, ১৪ সেপ্টেম্বর, ২০১৭

বিশালগড়ে স্বাস্থ্য শিবিরের কর্মসূচি

স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে আগামী ১৬-২১ সেপ্টেম্বর বিশালগড় মহকুমার বিভিন্ন স্থানে স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হবে। কর্মসূচি অনুযায়ী, আগামী ১৬ সেপ্টেম্বর কসবা পঞ্চায়েতের মনিপুরী পাড়া অঙ্গনওয়াড়ী কেন্দ্রে, ২০ সেপ্টেম্বর চাম্পামুড়ার নির্মল বনিক পাড়া, কসবা পঞ্চায়েতের ৪নং ওয়ার্ড, চড়িলাম পঞ্চায়েতের উল্টামুড়া, রাউতখলা পঞ্চায়েতের রবীন্দ্রনাথ কলোনী, নবীন নগর পঞ্চায়েতের পূর্ব নবীননগর ২ নং, গজারিয়া পঞ্চায়েতের পরিমল নগর, চেলিখলা পঞ্চায়েতের হারান পাড়া, ব্রজপুর পঞ্চায়েতের বিভূতি দেবনাথ পাড়া, সুতারমুড়া ভিলেজের নতুন কলোনী ও ঘনিয়ামারা পঞ্চায়েতের উত্তর ঘনিয়ামারা অঙ্গনওয়াড়ী কেন্দ্রগুলিতে, ২১ সেপ্টেম্বর শিবির হবে চাম্পামুড়া পঞ্চায়েতের কাপালী পাড়া, পূর্ব লক্ষ্মীবিল পঞ্চায়েতের শিবটিলা, কসবা পঞ্চায়েতের ঘোষ পাড়া, বাইদ্যারদীঘি পঞ্চায়েতের বাইদ্যারদীঘি, চন্দ্রনগর পঞ্চায়েতের সমতল পাড়া, উত্তর চড়িলাম পঞ্চায়েতের ফকিরা মুড়া ও মধ্যপাড়া, দক্ষিণ চড়িলাম পঞ্চায়েতের ৬ নং কলোনী, রাউতখলা পঞ্চায়েতের রশিদ ফকিরাটিলা, উত্তর ব্রজপুর পঞ্চায়েতের দারোগা মুড়া এবং দক্ষিণ ব্রজপুর পঞ্চায়েতের মধ্যপাড়া ৩নং অঙ্গনওয়াড়ী কেন্দ্রে।

This document is a product of SmartPDF.com
To remove this message
product at www.SmartPDF.com